



## রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

প্রধান কার্যালয়, রাজশাহী

ঋণ ও অগ্রিম বিভাগ-১

সার্কুলার লেটার নং-০৪/২০১৭

তারিখ : ০৪.১০.২০১৭

সকল জোনাল ব্যবস্থাপক  
সহকারী মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়  
সকল শাখা ব্যবস্থাপক (জোনাল ব্যবস্থাপকের মাধ্যমে)  
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

**বিষয় : 'ফারমার্স ক্রেডিট লিমিট' নামীয় ঋণ কর্মসূচির আওতায় ঋণ প্রাপ্তির যোগ্যতার শর্ত শিথিলকরণ প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়

উপর্যুক্ত বিষয়ে এ বিভাগের ৩০.০৬.২০১৬ তারিখের সার্কুলার নং-০৫/২০১৬ এবং ১০.০৭.২০১৭ তারিখের সার্কুলার লেটার নং-০১/২০১৭ এর প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। এ ব্যাংকের উদ্ভাবনী প্রোডাক্ট 'ফারমার্স ক্রেডিট লিমিট' নামীয় ঋণ কর্মসূচির আওতায় বর্তমানে ৩.০০ একরের উর্ধ্ব কৃষি জমির মালিক কৃষকগণ ঋণ প্রাপ্তির জন্য যোগ্য বলে বিবেচিত হন। মাঠ পর্যায়ের তথ্য মতে ৩.০০ একরের উর্ধ্ব কৃষি জমির মালিকানা সম্পন্ন কৃষকের সংখ্যা অপ্রতুল হওয়ায় আলোচ্য খাতে আশানুরূপ ঋণ বিতরণ হচ্ছে না। এ বিষয়ে পরিচালনা পর্ষদের ৪৬১তম সভায় (তারিখ ১২.০৯.২০১৭) একটি সারসংক্ষেপ উপস্থাপন করা হলে পর্ষদ নিম্নরূপ সিদ্ধান্ত প্রদান করেন :

“ফারমার্স ক্রেডিট লিমিট নামীয় ঋণ কর্মসূচির অধীনে ঋণ প্রাপ্তির যোগ্যতা হিসেবে ৩.০০ একরের উর্ধ্ব কৃষি জমির শর্ত শিথিল করে ২.০০ একর ও তদূর্ধ্ব কৃষি জমির মালিক কৃষকগণকে এ ঋণ সুবিধা প্রদান করা যাবে।”

০৩। ইহা অবিলম্বে কার্যকর হবে। এতদবিষয়ে কোন ব্যাখ্যা/স্পষ্টীকরণের প্রয়োজন হলে ঋণ ও অগ্রিম বিভাগ-১ এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

আপনার বিশ্বস্ত

০৪.১০.২০১৭

(জগন্নাথ ঘোষ)

উপ-মহাব্যবস্থাপক

সূত্র নং-প্রকা/ঋণঅবি-১/৪৪/২০১৭-২০১৮/২৪০(৪৪৪)

তারিখ : ০৪.১০.২০১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ৪। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ৬। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
- ৭। প্রকল্প পরিচালক, এসইসিপি, সিপিও, উপশহর, রাজশাহী।
- ৮। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ৯। উপ-মহাব্যবস্থাপক, রাকাব, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা।
- ১০। সহকারী মহাব্যবস্থাপক, ঝাঁকি ব্যবস্থাপনা ইউনিট, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ১১। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ১২। অফিস নথি/ মহানথি।

০৪.১০.২০১৭

(শাহনেওয়াজ হাররে মাহমুদ)

উর্ধ্বতন কর্মকর্তা